# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৩১

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ৬. যিনি সম্পদের এক তৃতীয়াংশেরও অধিক ওয়াসীয়াত করেন - এমন ব্যক্তি সম্পর্কে

باب فِي الَّذِي يُوصِي بِأَكْثَرَ مِنْ الثُّلُثِ

## আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدٍ عَنْ عَامِرٍ عَنْ شُرَيْحٍ فِي الرَّجُلِ يُوصِي بِأَكْثَرَ مِنْ ثُلُثِهِ قَالَ إِنْ أَجَازَتْهُ الْوَرَثَةُ أَجَزْنَاهُ وَإِنْ قَالَتْ الْوَرَثَةُ أَجَزْنَاهُ فَهُمْ بِالْخِيَارِ إِذَا نَفَضُوا أَيْدِيَهُمْ مِنْ الْقَبْرِ
قَالَ هُوَ جَائِزٌ قَالَ أَبُو مُحَمَّد أَجَزْنَاهُ يَعْنِي فِي الْحَيَاةِ

## বাংলা

৩২৩১. আমির (রহঃ) যে লোক তার সম্পদের এক তৃতীয়াংশের অধিক সম্পদ ওয়াসীয়াত করলো, তার সম্পর্কে শুরাইহ (রহঃ) বলেন: ওয়ারিসগণ যদি তাকে এর অনুমতি দেয়, তবে আমরাও তাকে অনুমতি দেব; আর যদি ওয়ারিসগণ বলে, 'আমরা তাকে অনুমতি দিলাম', তবে তারা (ওয়ারিসগণ) যখন মৃতের কবর দেওয়া শেষ করবে, তখন তারা (তা রাখা বা প্রত্যাহার করার) স্বাধীনতা লাভ করবে।[1]

আবূ মুহাম্মদ বলেন, 'আমরা তাকে অনুমতি দিলাম'- অর্থ: তার জীবদ্দশায় (অনুমতি দিলাম)।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ শুরাইহ পর্যন্ত সহীহ।

তাখরীজ: আব্দুর রাযযাক নং ১৬৪৪৯; সাঈদ ইবনু মানসূর নং ৩৮৮; ইবনু আবী শাইবা ১১/ ১৫১,১৫৩ নং ১০৭৭২, ১০৭৮০; ওয়াকী, আখবারুল কুযাত ২/২৬৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ শা'বী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83516

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন